

# উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪

নির্বাচন কমিশন কার্যালয়  
নির্বাচন কমিশন ২০২৪-২০২৬  
রোড-৬/এ সেক্টর-৪, উত্তরা ঢাকা-১২৩০।

## নির্বাচনী আচরণ বিধি (২০২৪-২০২৬)

উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪ নির্বাচন আচরণ বিধি (২০২৪-২০২৬) সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নির্বাচন কমিশন কর্তৃক নিম্নে প্রকাশ করা হইলো।

১. প্রার্থীগন প্যানেল ভিত্তিক/দলগতভাবে বা একের অধিক মনোনয়ন পত্র সংগ্রহ বা দাখিল করিতে পারিবে না।
২. কেবলমাত্র চূড়ান্ত মনোনয়ন পত্রের তালিকা প্রকাশের পরপরই নির্বাচনী প্রচার কার্যক্রম চালানো যাবে।
৩. মনোনয়ন পত্র চূড়ান্ত করনের পূর্বে কোন প্রার্থী কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন রকম নির্বাচনী প্রচারণা চালানো যাবে না।
৪. প্যানেল ভিত্তিক বা ব্যক্তিগত ভাবে নির্বাচনী প্রচারের জন্য সর্বাধিক ০৫ (পাঁচ) টি ব্যানার টানানো যাবে তবে শর্ত থাকবে যে, সেক্টরের মূল রাস্তার প্রবেশ পথে এবং ৬নং রাস্তার কোন স্থানে নির্বাচনী ব্যানার টানানো যাবে না।
৫. নির্বাচনী প্রচার কার্যের অংশ হিসাবে কোন পোস্টার ব্যবহার বা কোন মাইকিং করা যাবে না তবে সাদাকালো লিফলেট ব্যবহার করা যাবে।
৬. নির্বাচনী প্রচারকার্য লিফলেট এসএমএস, ফোন এবং অন্যান্য সামাজিক যোগাযোগের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। তবে শর্ত থাকবে যে, এ ধরনের প্রচার কার্যে কোন রকম ব্যক্তিগত আক্রমণ বা বিদ্বেষমূলক আচরণ অবশ্যই পরিহার করতে হবে।
৭. নির্বাচনী কার্যক্রমের অংশ হিসাবে কোন প্যানেল বা ব্যক্তিগত পরিচিতি সভা কেহ করিতে চাহিলে উহা উত্তরা পূর্ব থানা এবং নির্বাচন কমিশনকে অবহিত করন পূর্বক প্রয়োজনবোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে করিতে পারিবেন তবে শর্ত থাকবে যে, উক্ত অনুষ্ঠানে শুধুমাত্র ভোটারগন এবং বিশেষ আমন্ত্রিত অতিথি ছাড়া কোন বহিরাগতরা উপস্থিত থাকিতে পারিবেন না।
৮. নির্বাচনের তারিখের আগের দিনের মধ্য রাত থেকে সকল ধরনের নির্বাচনী কার্যক্রম বন্ধ রাখতে হবে।
৯. কল্যাণ সমিতির পার্কের পশ্চিম এবং পূর্ব দিকের গেইটের দু-পাশে প্যানেল ভিত্তিক একটি করে এবং ব্যক্তিগত প্রার্থীগন একটি করে বুথ স্থাপন করতে পারবেন তবে শর্ত থাকবে যে, কোন অবস্থাতেই চলাচলের জন্য রাস্তা বন্ধ করা যাবে না এবং কোন জটলা করা যাবে না।
১০. নির্বাচনের দিন ভোট কেন্দ্রের সংরক্ষিত এলাকার মধ্যে প্রার্থী, প্যানেলভুক্ত লোক, নির্বাচন কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা, কর্মচারী এবং আইন শৃঙ্খলা কাজে নিয়োজিত লোকজন ছাড়া অন্য কোন লোকজন বা



*Signature*


*Signature*

গাড়ি প্রবেশ করতে পারবে না তবে শর্ত থাকবে যে, বয়োবৃদ্ধ ভোটারগন গাড়িসহ ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারিবেন।


১১. নির্বাচনকালীন সময় কোন ভোটারদের কোন প্রকার প্রলোভন দেখিয়ে বা জোর জবরদস্তি করে ভোট কেন্দ্রে আনা যাবে না।
১২. উপরোক্ত নির্বাচন বিধি কেহ ভঙ্গ করিলে নির্বাচন কমিশন যথাযথ প্রক্রিয়া অনুসরণ পূর্বক সংশ্লিষ্ট প্রার্থী বা প্রার্থীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করিতে পারিবেন।

নির্বাচন কমিশন কর্তৃক একটি সুষ্ঠু এবং সুন্দর নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা একান্তভাবে কামনা করে।

ধন্যবাদান্তে



এ. জেড. এম শামসুল হুদা  
প্রধান নির্বাচন কমিশনার  
উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪



মোঃ সাফিকুল ইসলাম  
এ্যাডভোকেট  
নির্বাচন কমিশনার  
উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪



মহিদুজ্জামান  
নির্বাচন কমিশনার  
উত্তরা কল্যাণ সমিতি সেক্টর-৪

